

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ
বিচার শাখা
www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং-১৩/২০২৪

জে,

তারিখ: ১৪ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
২৮ মে ২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয়: উপজেলা পরিষদের সাধারণ নির্বাচন উপলক্ষে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় অবস্থিত সকল অধস্তন আদালত ও ট্রাইব্যুনালে ভোটগ্রহণের দিন অর্থাৎ আগামী ২৯ মে ২০২৪ তারিখ বুধবার সাধারণ ছুটি ঘোষণা।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-৪ শাখা কর্তৃক জারিকৃত ২০ মে ২০২৪ খ্রিষ্টাব্দ/০৬ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ তারিখের ০৫.০০.০০০০.১৭৩.০৮.০২০.২৪.৬৩ নং প্রজ্ঞাপনমূলে বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়ের চাহিদা মোতাবেক ১১১ টি উপজেলা পরিষদের (সংযুক্ত তালিকা অনুযায়ী) সাধারণ নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের দিন অর্থাৎ আগামী ২৯ মে ২০২৪ তারিখ সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় সাধারণ ছুটি ঘোষণা করা হয়েছে।

২। নির্বাচন কমিশন সচিবালয়ের গত ২৩ মে ২০২৪ তারিখের প্রজ্ঞাপন অনুযায়ী মাননীয় আপিল বিভাগের আদেশের প্রেক্ষিতে আগামী ২৯ মে ২০২৪ তারিখে অনুষ্ঠেয় যশোর জেলার যশোর সদর উপজেলা পরিষদের এবং ২৭ মে ২০২৪ তারিখের প্রজ্ঞাপন অনুযায়ী উল্লিখিত একই তারিখে অনুষ্ঠেয় ১৯টি উপজেলা পরিষদের নির্বাচন ঘূর্ণিঝড় 'রেমাল' এর কারণে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত স্থগিত করার জন্য নির্বাচন কমিশন সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

৩। এমতাবস্থায়, জনপ্রশাসন মন্ত্রণালয়ের বর্ণিত প্রজ্ঞাপনের সংযুক্ত তালিকায় উল্লিখিত নীলফামারী, দিনাজপুর, লালমনিরহাট, রংপুর, বগুড়া, পাবনা, সাতক্ষীরা, মানিকগঞ্জ, টাঙ্গাইল, হবিগঞ্জ, ফেনী, নোয়াখালী, লক্ষ্মীপুর জেলার আদালত/ট্রাইব্যুনালসমূহ এবং সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর, ফরিদপুর জেলার ভাঙ্গা, ময়মনসিংহ জেলার ঈশ্বরগঞ্জ, চট্টগ্রাম জেলার পটিয়া চৌকি আদালতসমূহ নির্বাচনি এলাকায় অবস্থিত হওয়ায় উক্ত আদালত/ট্রাইব্যুনাল/চৌকি আদালতসমূহ ভোটগ্রহণের দিন অর্থাৎ আগামী ২৯ মে ২০২৪ তারিখ বুধবার সাধারণ ছুটির আওতাভুক্ত থাকবে।

৪। উল্লেখ্য যে, বর্ণিত যেসকল জেলার সদর উপজেলায় অবস্থিত আদালত/ট্রাইব্যুনালসমূহ সাধারণ ছুটির আওতাভুক্ত থাকবে সেসকল জেলার কোনো চৌকি আদালত যদি নির্বাচনি এলাকার বাইরে অবস্থিত থাকে, সেসব চৌকি আদালত সাধারণ ছুটির আওতার বাইরে থাকবে।

স্বাক্ষরিত

(এসকে.এম. তোফায়েল হাসান)

রেজিস্ট্রার (বিচার)

হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট

ফোন: ০২২২৩৩৫৮৭৮০

E-mail: registrar.judicial@supremecourt.gov.bd

স্মারক নং- ১ জে-৪৪/১৫(অংশ-১)-৫০৫৭


জে,

তারিখ: ১৪ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
২৮ মে ২০২৪ খ্রিষ্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জেলা ও দায়রা জজ, নীলফামারী/দিনাজপুর/লালমনিরহাট/রংপুর/সিরাজগঞ্জ/বগুড়া/পাবনা/সাতক্ষীরা/মানিকগঞ্জ/ফরিদপুর/টাঙ্গাইল/ময়মনসিংহ/হবিগঞ্জ/ফেনী/নোয়াখালী/ লক্ষ্মীপুর/চট্টগ্রাম [সংশ্লিষ্ট সকলকে অবগত করার অনুরোধসহ]।
- ৩। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, ১ ও ২, নীলফামারী/দিনাজপুর/লালমনিরহাট/১, ২ ও ৩, রংপুর/ ১ ও ২, বগুড়া/পাবনা/সাতক্ষীরা/মানিকগঞ্জ/টাঙ্গাইল/১, ২ ও ৩, হবিগঞ্জ/ফেনী/১ ও ২, নোয়াখালী/ লক্ষ্মীপুর।
- ৪। বিশেষ জজ (জেলা জজ), বিশেষ জজ আদালত, দিনাজপুর/রংপুর/বগুড়া/পাবনা/টাঙ্গাইল/নোয়াখালী।
- ৫। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, রংপুর।
- ৬। বিচারক (জেলা জজ), মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল, রংপুর।
- ৭। বিচারক (জেলা জজ), সম্মান বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল, রংপুর।
- ৮। চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত, রংপুর।

- ৯। সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল, বগুড়া।
- ১০। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নীলফামারী/দিনাজপুর/লালমনিরহাট/রংপুর/বগুড়া/পাবনা/সাতক্ষীরা/মানিকগঞ্জ/টাঙ্গাইল/হবিগঞ্জ/ফেনী/নোয়াখালী/লক্ষ্মীপুর।
- ১১। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, রংপুর।
- ১২। মাননীয় রেজিস্ট্রার জেনারেল মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ✓ ১৩। সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৪। গণসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট।
- ১৫। অফিস কপি।


28.05.24

(শোভন শাহরিয়ার)

সহকারী রেজিস্ট্রার (বিচার)

ফোন: ০২২২৩৩৫৮৫৮৩।

E-mail: shovon.arjudicial@supremecourt.gov.bd